ভোরের কাগজ

২৮/১০/২০০২

তারিখ ...
পৃষ্ঠা ১০ কলাম ৪

## ছাত্রদলের আল্টিমেটাম

# রাজশাহী বিশ্ববিদ্যালয় দীর্ঘদিন অচল হয়ে পড়ার আশঙ্কা

রা.বি. প্রতিনিধি : রাজশাহী বিশ্ববিদ্যালয় দীর্ঘদিনের জন্য বন্ধ হয়ে যাওয়ার আশঙ্কা করছে সাধারণ ছাত্রছাত্রীরা।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদত্যাগের দাবিতে ছাত্রদলের দেওয়া ১০ দিনের আলটিমেটাম আজ সোমবার শেষ হচ্ছে। এর মধ্যে উপাচার্য বা ছাত্রদলের পক্ষ থেকে স্পষ্ট কোনো ঘোষণা না আসায় রাজশাহী বিশ্ববিদ্যালয় অস্থিতিশীল হয়ে পড়ার আশঙ্কা দেখা দিয়েছে।

চারদলীয় জোট জাতীয় নির্বাচনে সংখ্যাগরিষ্ঠতা পাওয়ার পর বিশ্ববিদ্যালয়ের বিএনপি ও জামাত সমর্থক শিক্ষক ও ছাত্র সংগঠনগুলো সক্রিয় হয়ে ওঠে। তারা বিভিন্নভাবে উপাচার্যকে চাপ দিতে থাকে। ছাত্রদল রা.বি. শাখা গত ৬ অক্টোবর উপাচার্যের পদত্যাগের' জন্য ১০ দিনের আলটিমেটাম দেয়। এর মধ্যে উপাচার্য পদত্যাগ না করলে ক্যাম্পাস অচল করে দেওয়া হবে বলে তারা ঘোষণা দেয়।

এ পরিস্থিতিতে সাধারণ ছাত্রছাত্রীরা আতঙ্কিত হয়ে পড়েছে। বিশ্ববিদ্যালয় বন্ধ হয়ে গেলে তাদের পরীক্ষা প্রস্তুতি বিঘ্নিত হবে বলে তারা উদ্বিগ্ন হয়ে পড়েছে।

নাম প্রকাশে অনিচ্ছুক ছাত্রদলের একজন যুগ্ম আহ্বায়ক জানান, কেন্দ্র থেকে তাদের কাছে নির্দেশ এসেছে উপাচার্যকে প্রবল চাপের মুখে রাখতে। তবে সাধারণ ছাত্রছাত্রীদের মধ্যে নেতিবাচক কোনো ধারণা জন্মায় এমন কোনো সিদ্ধান্ত থেকে বিরত থাকার কথা বলা হয়েছে।

এ ব্যাপারে উপাচার্যের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন, তিনি নিয়ম অনুযায়ী তার দায়িত্ব পালন করে যাবেন। তার ওপর অন্যায়ভাবে চাপ প্রয়োগ করা হলেও তিনি দায়িত্ব পালন করে যাবেন।